গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) ফেজ-II প্রকল্প
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
Website: www.banbeis.gov.bd

বিষয়: **ইউআইটিআরসিই ফেজ-II প্রকল্পের সারসংক্ষেপ**।

এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) ফেজ-II প্রকল্পের প্রতিবেদন:

| | | |
|---|---|---|
| প্রকল্পের শিরোনাম | : | এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) ফেজ-II প্রকল্প |
| প্রকল্পের বাস্তবায়নকাল | : | (ক) শুরুর তারিখ: ০১ জুলাই, ২০১৭<br>(খ) সমাপ্তির তারিখ : ২১ এপ্রিল, ২০২২ |
| প্রাক্কলিত ব্যয় | : | ৮৪৫৪২.৫৬ লক্ষ টাকা<br>**জিওবি-** ২৫২৪৫.৪০ লক্ষ টাকা<br>**প্রকল্প সাহায্য (EDCF ঋণ)-** ৫৯২৯৭.১৬ লক্ষ টাকা। |

**প্রকল্পের উদ্দেশ্য:**

ক) স্থানীয় পর্যায়ে আইসিটি সক্ষমতা বৃদ্ধির জন্য উপজেলা পর্যায়ে আইসিটি প্রশিক্ষণ ও রিসোর্স সেন্টার প্রতিষ্ঠা করা এবং স্বল্প সময়ের মধ্যে প্রাথমিক পরবর্তী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ প্রদান করা;

খ) সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, জাতীয় আইসিটি নীতির লক্ষ্য অনুযায়ী শিক্ষকদের আইসিটি সাক্ষরতার মাধ্যমে জীবনব্যাপী শিক্ষার প্রচার করা;

গ) শিক্ষকের দ্বারা আইসিটি আউটসোর্সিং কাজের মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং শিক্ষার্থীদের আইসিটি ভিত্তিক শিক্ষাদান এবং শেখার মাধ্যমে শালীন কাজের প্রচার করা;

ঘ) তৃণমূল স্তরের নাগরিকদেরকে সাইবার সেন্টারের মাধ্যমে সাশ্রয়ী এবং কার্যকর পদ্ধতিতে সরকারের চাহিদা এবং ই-পরিষেবাগুলির সমালোচনামূলক তথ্য অ্যাক্সেস করতে সক্ষম করা;

ঙ) UITRCE কেন্দ্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং UITRCE অফিসের আবাসন নিশ্চিত করা;

চ) শিক্ষা প্রতিষ্ঠানের ডাটা এন্ট্রি/হালনাগাদ করার এবং ব্যানবেইসের EMIS ডাটাবেসে ডেটা আপলোড করার কাজ সহ স্থানীয় শিক্ষা ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র (EMIC) প্রতিষ্ঠা করা;

ছ) ব্যানবেইস-এ স্থাপিত ডিজিটাল মাল্টিমিডিয়া সেন্টারের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে বিভিন্ন বিষয়ের জন্য উপযুক্ত কোর্স/প্রশিক্ষণ সামগ্রী এবং মাল্টিমিডিয়া ভিত্তিক কোর্স তৈরির মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য ই-লার্নিং ব্যবস্থার প্রসার ঘটানো;

জ) কোরিয়ায় বিভিন্ন প্রাসঙ্গিক ক্ষেত্রে বিদেশী প্রশিক্ষণের মাধ্যমে ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয় এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার কর্মীদের পেশাদার দক্ষতা বিকাশ করা;

ঝ) কোরিয়াতে ব্যবস্থাপক প্রশিক্ষণের মাধ্যমে MOE, BANBEIS, ERD, IMED, পরিকল্পনা কমিশন এবং শিক্ষা খাতের সাথে সম্পর্কিত অন্যান্য সংস্থার শিক্ষা ব্যবস্থাপকদের দ্বারা ICT শিক্ষা ও প্রশিক্ষণে ব্যবহারিক জ্ঞান অর্জন করা;

ঞ) তথ্য আদান-প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের দুটি বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (DSHE), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (DME), কারিগরি শিক্ষা অধিদপ্তর (DTE) এবং শিক্ষা বোর্ডসহ বিভিন্ন সংস্থার মধ্যে শক্তিশালী শিক্ষা নেটওয়ার্ক গড়ে তোলা।

**প্রকল্পের প্রধান কম্পোনেন্টসমূহ:**

ক) ১৬০ উপজেলায় ৪তলা ফাউন্ডেশনসহ দোতলা ভবন নির্মাণ;

খ) আইসিটি ল্যাব, অফিস সরঞ্জামাদি/আসবাবপত্র সরবরাহ ও স্থাপন;

গ) ই-লার্নিং সিস্টেম ডেভেলপমেন্ট ও EIMS আপগ্রেডেশন;

ঘ) দেশে ও বিদেশে শিক্ষক/কর্মকর্তা প্রশিক্ষণ।

**উল্লেখযোগ্য অর্জন/সম্পাদিত কার্যক্রমসমূহের বিবরণ:**

- উপজেলা পরিষদ কর্তৃক ১৬০টি উপজেলায় বরাদ্দকৃত জমি ও স্থান নির্বাচন চূড়ান্ত করার পর সরকারি প্রতিষ্ঠান হাউজ বিল্ডিং রিসার্স ইন্সটিটিউট (HBRI) কর্তৃক স্থানিক জরিপ ও মাটি পরীক্ষার কাজ সম্পন্ন করা হয়েছে।
- ইতোমধ্যে প্রকল্প বাস্তাবায়নে পরামর্শ সেবা প্রদানের জন্য কোরিয়ান পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে।
- প্রকল্পের আওতায় ১৬০ উপজেলায় ৪তলা ফাউন্ডেশনসহ দোতলা ভবন নির্মাণ, আইসিটি ল্যাব স্থাপন, ই-লার্নিং সিস্টেম ডেভেলপমেন্ট ও EIMS আপগ্রেডেশন এবং দেশে ও বিদেশে শিক্ষক/কর্মকর্তা প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানী নিয়োগ করা হয়েছে।
- কোরিয়া এক্সিম ব্যাংক কর্তৃক চুক্তি অনুমোদনের পর বিডিং ডকুমেন্ট অনুযায়ী কোরিয়ান প্রকিউরমেন্ট কোম্পানীকে ৩০% অগ্রিম বিল প্রদান করা হয়।
- EDCF Guideline অনুযায়ী ৩০% অগ্রিম বিল কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানী কর্তৃক প্রাপ্তির তারিখ ০৭/১১/২০২১ হতে চুক্তি কার্যকর হয়েছে। কোরিয়ান প্রকিউরমেন্ট কোম্পানীর সাথে চুক্তি অনুযায়ী প্রকল্প বাস্তাবায়নের জন্য চুক্তি কার্যকরের তারিখ হতে ২০ মাস সময় বরাদ্দের শর্ত রয়েছে। এ হিসেবে ০৭/০৭/২০২২ তারিখ চুক্তির মেয়াদ শেষ হবে।
- প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য এপর্যন্ত কোরিয়ান পরামর্শক প্রতিষ্ঠান ও কোরিয়ান প্রকিউরমেন্ট কোম্পানীর কর্মকর্তাগণের সংগে ১১, ১৭ ও ২৩ নভেম্বর এবং ১৫ ডিসেম্বর'২০২১ তারিখ মোট চারটি সভা আয়োজন করা হয়েছে।
- প্রকল্প বাস্তবায়নে সহযোগীতা প্রদানের জন্য Zoom Platform-এ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের সাথে প্রকল্প পরিচালক, ইউআইটিআরসিই ফেজ-২ প্রকল্প ও মহাপরিচালক, ব্যানবেইসের সভাপতিত্বে ২২,২৪ ও ২৯ নভেম্বর এবং ২১ ডিসেম্বর'২০২১ তারিখ মোট চারটি ভার্চুয়াল সভার আয়জন করা হয়।
- প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও ডিপিপি সংশোধনের লক্ষে ১৩/১২/২০২১ তারিখ Project Implementation Committee (PIC) এর সভা অনুষ্ঠিত হয়।
- ভবন নির্মাণের কাজ আরম্ভ করার জন্য কোরিয়ান প্রকিউরমেন্ট কোম্পানী কর্তৃক ১৬০ উপজেলায় সাইট পরিদর্শন সম্পন্ন করা হয়েছে।
- কোরিয়ান প্রকিউরমেন্ট কোম্পানী কর্তৃক আগামী ১০-১৫ জানুয়ারী'২০২২ এর মধ্যে মাঠ পর্যায়ে ভবন নির্মাণ কাজ শুরু হতে যাচ্ছে।
- প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও ডিপিপি সংশোধনের লক্ষে Project Steering Committee (PSC) এর সভা শীঘ্রই আয়োজন করতে হবে।
- LMS উন্নয়নের জন্য Need Assessment এর কাজ চলমান রয়েছে।

আর্থিক অগ্রগতি

| ডিপিপি প্রকলিত ব্যয় (লক্ষ টাকায়) | | | ২২ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় (লক্ষ টাকায়) | | | মোট ব্যয়ের হার |
|---|---|---|---|---|---|---|
| জিওবি | ডিপিএ | মোট | জিওবি | ডিপিএ | মোট | |
| ২৫২৪৫.৪০ | ৫৯২৯৭.১৬ | ৮৪৫৪২.৫৬ | ৯২২.০৪ | ১৫৯১৬.৪৭ | ১৬৮৩৮.৫১ | ২০% |